**দীপাবলি**

চৌদ্দ বছর বনবাসান্তে ভগবান শ্রীরামচন্দ্র ও ভ্রাতা লক্ষণ, রাবণকে বিজয়াদশমী দিনে বধ করেন। আর এই দিপাবলি তিথিতে অযোধ্যায় প্রত্যাবর্তন করেন। অযোধ্যাবাসীগণ ভগবান রামচন্দ্রের প্রত্যাবর্তনে যেন প্রাণ ফিরে পেলেন। তাই ভগবদ্বিরহ অমানিশার ঘোর কালিমা ঘুচিয়ে তাঁরা আত্মহারা হয়ে গৃহচূড়ায়-বাতায়নে-মাঠেঘাটে নগরীর প্রাসাদে দীপমালিকা প্রজ্জ্বলন করে তাঁদের প্রভুকে বরণ করেছিলেন। সেই উৎসব স্মরণেই দীপাবলি উৎসব পালিত হয়। এই দিনেই ভগবান শ্রীকৃষ্ণের দামবন্ধন লীলা সংঘটিত হয়।

Published on: Oct, 29 2022 12:37